



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং : ঢাবো/পনি/ ২৬৯

তারিখ: ০৪/০২/২০২০ খ্রি:

বিষয়ঃ ২০২০ সালের এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত জরুরি নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চলমান ২০২০ সনের এসএসসি পরীক্ষা পরিচালনায় নিম্নোক্ত নির্দেশনা সমূহ যথাযথ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলোঃ

- ১। নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের যথাযথভাবে চিহ্নিত করে শিক্ষাবর্ষ অনুযায়ী যে সিলেবাসের প্রশ্নে পরীক্ষা দেওয়ার নির্দেশনা রয়েছে সে মোতাবেক প্রশ্নপত্র বিতরণ করতে হবে। উল্লেখ্য ইংরেজি ১ম পত্র (বিষয় কোড-১০৭), বিষয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ২। নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের আসন বিন্যাস পৃথকভাবে ব্যবস্থা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। কোন কারণে পরীক্ষা আরম্ভ হতে বিলম্ব হলে অবশিষ্ট সময়ের সাথে বিলম্ব সময় যোগ করে পূর্ণ সময় পরীক্ষার্থীদের প্রদান করতে হবে। বিষয়টি তাৎক্ষণিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে।
- ৪। বহুনির্বাচনি (MCQ) এবং রচনামূলক খাতার (OMR) এর উপর কোন রকম লেখা/দাগ যাবে না।
- ৫। কোন পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে ২ ঘন্টার মধ্যে পরীক্ষা শেষ করে কক্ষ ত্যাগ করতে পারবে না। যদি বিশেষ কারণে পরীক্ষা শেষ করে কক্ষ ত্যাগ করতে চায় তাহলে প্রশ্ন নিয়ে যেতে পারবে না। পরীক্ষা শেষে প্রশ্নপত্রটি তাকে দেয়া যেতে পারে।
- ৬। কোন প্রকার মোবাইল ফোন নিয়ে কক্ষ পরিদর্শক কিংবা পরীক্ষা সংশ্লিষ্ট অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। কেন্দ্র সচিব ০১টি সাধারণ মোবাইল ব্যবহার করতে পারবে যা দিয়ে ছবি তোলা যায় না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন- ০২-৯৬৬৯৮১৫

কেন্দ্র সচিব

এসএসসি পরীক্ষা- ২০২০ এর সকল কেন্দ্র

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। অফিস কপি।